

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।


সভার তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, মহান একুশে ফেব্রুয়ারি, আন্দোলনিক মাতৃভাষা দিবস। রক্ত দিয়ে বাংলা ভাষার মর্যাদা চির উজ্জ্বল করার ক্ষেত্রে পৃথিবীর অনন্য এ ইতিহাসের আজ বাহাদুরি বছর পূর্তি। ঐতিহাসিক ভাষা আন্দোলনের অমর শহীদদের স্মরণে জাতি যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হবে। কর্মসূচির মধ্যে রয়েছে, পাংশা কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, আলোচনা সভা, র্যালী, চিত্রাংকন, মিলাদ মাহফিল ইত্যাদি। উপজেলা প্রশাসন: মহান শহীদ দিবস ও আন্দোলনিক মাতৃভাষা দিবস উপলক্ষে পাংশা উপজেলা প্রশাসন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে, রাত ১২টা ১ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৮টায় উপজেলা প্রশাসকের কার্যালয় হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত প্রভাত ফেরী, বাদ যোহর শহীদদের জন্য মাগফেরাত কামনায় জামে মসজিদে খতমে কুরআন ও দোয়া মাহফিল, সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও বিভিন্ন উপাসনালয়ে মোনাজাত ও বিশেষ প্রার্থনা, সন্ধ্যা সাড়ে ৬টায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, সকাল ১০টায় শিশু একাডেমী ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে ভাষারগান প্রতিযোগিতা (স্কুল পর্যায়) ও সকাল ১১টায় চিত্রাংকন ও বাংলায় হাতের লেখা প্রতিযোগিতা (স্কুল পর্যায়) এবং বিকেল ৪টায় শিশুদের জন্য আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সন্ধ্যা সাড়ে ৬টায় উপজেলা কনফারেন্সকেন্দ্রে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।</p>	<p>সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়াতে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়। যশাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক আন্তর্জাতিক মাতৃভাষাদিবস উদযাপন করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ পাংশা, রাজবাড়ী।

তারিখঃ ১৫/০২/ ২০২৩

স্মারক নং যুব / পাংশা/ ২০২৩-৮২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ


১। জেলা প্রশাসক রাজবাড়ী।

২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।






৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।

৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

  
উপজেলা যুব উন্নয়ন অফিসার  
পাংশা, রাজবাড়ী।

১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষরিত
১.	মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাংশা।	সভাপতি	
২.	চেয়ারম্যান হাবাসপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	
৩.	চেয়ারম্যান যশাই ইউনিয়ন পরিষদ	সদস্য	
৪.	চেয়ারম্যান বাবুপাড়া ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৫.	চেয়ারম্যান মাছপাড়া ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৬.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পাংশা, রাজবাড়ী।	সদস্য সচিব	